

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-AECC-T-1

[এ্যাবিলিটি এনহ্যান্সমেন্ট কম্পালসরি কোর্স (এইসিসি)]

পূর্ণমান : ২০

সময় : ১ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৩-৪ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 5 = 5$ ক) 'এ তর্কের মীমাংসা ছাত্রছাত্রীদের উপরে ছেড়ে দেওয়া উচিত।'
— কোন্ তর্কের কথা বলা হয়েছে ?

খ) 'বেচারাদের দোষ দেওয়া যায় না।'— কোন্ প্রবন্ধের অন্তর্গত ?

গ) 'রাইচরণ এমন জঘন্য কাজ কী উদ্দেশ্যে করিতে পারে।'
— এখানে কোন্ কাজকে জঘন্য বলা হয়েছে ?

ঘ) রংলালের পুত্রের নাম কি ?

ঙ) রংলাল কত টাকায় মহিষ দুটি কিনেছিল ?

চ) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতার প্রথম ও শেষ পংক্তিটি লেখো।

ছ) 'ভয়ের টুটিই ধরবো টিপে করব তারে লয়',— 'টুটি' শব্দের অর্থ লেখো।

জ) প্রতিবেদন বলতে কি বোঝায় ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$

ক) অনলাইন পঠন-পাঠনের ভালো-মন্দের দিক নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

খ) যে কোনো পাঁচটি শব্দের পরিভাষা লেখো :

Amend, E-Commerce, Ophthalmology, Sponsor, Vocational, Unanimous, Defalcation, Quorum, Manuscript, Testimonial

গ) "শিকল-বাঁধা পা নয় এ শিকল-ভাঙা কল"—পংক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$

ক) 'বাংলা আর ইংরাজী' প্রবন্ধের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

খ) 'কালাপাহাড়' গল্পটি মানুষ ও পশুর অপত্য সম্পর্কের সুন্দর আলেখ্য— আলোচনা করো।

গ) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।